নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
পাঠানটুলি, নারায়ণগঞ্জ।
E-mail: nganjtsc@gmail.com, Web: www.nganjtsc.gov.bd

# তথ্য বিবরণী





## প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত পরিচিতি:

আমাদের এ প্রতিষ্ঠানটি শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন একটি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ। ঢাকার অদূরে শীতলক্ষ্যা নদীর তীরে পাঠানটুলি এলাকায় ৬.৫ একর জায়গা নিয়ে অবস্থিত। এখানে জেএসসি (ভোকেশনাল), এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) কোর্সসমূহ চলমান রয়েছে। কারিগরি ও প্রযুক্তিগত জ্ঞান সম্পন্ন চৌকস নাগরিক ও হাতে-কলমে দক্ষ আলোকিত মানুষ গড়ে তুলতে ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। আজ এর কলেবর অনেকাংশে বৃদ্ধি পেয়েছে এবং জ্ঞান ও দক্ষতা বিস্তারে সর্বোস্তরে প্রশংসার দাবিদার।

## আমাদের লক্ষ্য:

মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা বাস্তবায়ন করা।

## আমাদের উদ্দেশ্যে:

- শিক্ষা ও প্রশিক্ষণ বান্ধব পরিবেশ ও সুযোগ নিশ্চিত করা;
- দেশে-বিদেশে কারিগরি জ্ঞান ও দক্ষতা সম্পন্ন কর্মী যোগান নিশ্চিত করা;
- মহান স্বাধীনতা যুদ্ধের চেতনায় বিশ্বাসী কারিগরি দক্ষ ও যোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলা।

## অধ্যক্ষের কথা:

সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে উচ্চ-মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন, পানি, জলবায়ু, পরিবেশ ও ভূমির টেকসই উন্নয়ন এবং ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণ ও ২০৪১ সালের মধ্যে একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জনে সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও ডেল্টা প্ল্যান লক্ষ্য বাস্তবায়নে কারিগরি শিক্ষার বিকল্প নেই। কারিগরি শিক্ষা মানে নিশ্চিত দক্ষতা অর্জন। আমাদের একটাই লক্ষ্য হতে হবে দক্ষ। তাই কাল বিলম্ব না করে চলামান শিক্ষাক্রমসমূহে অধ্যায়নরত শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থীদের জ্ঞান ও দক্ষতা অর্জনের পরিবেশ নিশ্চিত করা।

## আমাদের পরিচালিত শিক্ষাক্রম ও ভর্তি যোগ্যতা:

### জেএসসি (ভোকেশনাল) ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণি

**ভর্তি যোগ্যতা:** ৬ষ্ঠ শ্রেণির জন্য কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে প্রাথমিক শিক্ষা সমাপনী/ইবতেদীয় শিক্ষা সমাপনী পরীক্ষা/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ৩১-১২-২০২২ তারিখে বয়স ১০+ হতে হবে। ৭ম ও ৮ম শ্রেণির জন্য যথাক্রমে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি পাশ হতে হবে।

**আসন সংখ্যা:** ৬ষ্ঠ ১২০টি (১ম শিফট ৬০টি ও দ্বিতীয় শিফট ৬০টি), ৭ম ৬০টি (১ম শিফট) ও ৮ম ৬০টি (১ম শিফট)।

### এসএসসি (ভোকেশনাল) ৯ম ও ১০ম (২ বছর মেয়াদি)

**ট্রেডসমূহ:** (১) অটোমোবাইল অ্যান্ড অটো ইলেকট্রিক বেসিকস (২) জেনারেল ইলেকট্রনিক্স (৩) রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং (৪) ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন।

**ভর্তি যোগ্যতা:** যেকোনো শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি উত্তীর্ণ।

**আসন সংখ্যা:** সকল ট্রেডে আসন সংখ্যা ১ম শিফট ৪০ ও ২য় শিফট ৪০, মোট ২৪০টি



প্রতিষ্ঠানের অভ্যন্তরে বিশাল আকৃতির একটি মনোরম পুকুর



নির্মাণাধীন ৫ তলা একাডেমিক-কাম ওয়ার্কশপ ভবন।

**উচ্চ শিক্ষা ও চাকুরির সুযোগ:** দেশে-বিদেশের সরকারি ও প্রাইভেট পলিটেকনিক বা কলেজে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং/উচ্চ মাধমিক পড়া এবং সরকারি-বেসরকারি চাকুরির সুযোগ। সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ ভর্তি ক্ষেত্রে ১৫% কোটা সুবিধা।

### এইচএসসি (ভোকেশনাল) একাদশ ও দ্বাদশ (২ বছর মেয়াদি)

**ট্রেডসমূহ:** (১) অটোমোবাইল (২) ইলেকট্রনিক্স কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন (৩) রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং (৪) ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন। প্রতি ট্রেডে আসন সংখ্যা ৪০টি, মোট ১২০টি।

**ভর্তি যোগ্যতা:** এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় যেকোনো সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ক্লাস্টারভিত্তিক ** ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**উচ্চ শিক্ষা ও চাকুরির সুযোগ:** দেশে-বিদেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে বি. এসসি. ইঞ্জিনিয়ারিং পড়া ও সরকারি-বেসরকারি চাকুরি এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ চতুর্থ পর্বে সরাসরি ভর্তির সুযোগ।

## দ্বৈত সনদায়নের সুবিধা:

এসএসসি (ভোকেশনাল) কোর্সের শিক্ষার্থীদের একাডেমিক সনদের পাশাপাশি অকুপেশন ভিত্তিক সনদ প্রদান করা হবে। ফলে এ সনদধারীদের কর্মক্ষেত্রে প্রবেশের সুযোগ বৃদ্ধি, সামাজিক মর্যাদা ও আত্ম-মর্যাদা বৃদ্ধিসহ জীবনব্যাপী শিক্ষার পথ প্রশস্থ হবে। এছাড়া কর্মক্ষেত্র উপযোগী দক্ষ কর্মী তৈরি করা এবং কর্মক্ষেত্রে প্রবেশের সুযোগ সম্প্রসারণ করা। চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলা এবং বাংলাদেশকে একটি আধুনিক টেকসই উন্নত দেশ হিসাবে গড়ে তোলাই দ্বৈত সনদায়নের লক্ষ্য। শিক্ষার্থীরা এ অ্যাসেসমেন্টে কম্পিটেন্ট হলে ট্রেড বিষয়ের ব্যবহারিক নম্বর সয়ংক্রিয়ভাবে এ+ প্রাপ্ত হবে।

## অ্যাসেসমেন্ট গ্রহণের সময়:

নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষা সম্পন্ন হওয়ার ১ মাসের মধ্যে অ্যাসেসমেন্ট গাইড অনুযায়ী লেভেল-২ অ্যাসেসমেন্ট অনুষ্ঠিত হবে। এবং দশম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষা সম্পন্ন হওয়ার ১ মাসের মধ্যে অ্যাসেসমেন্ট গাইড অনুযায়ী লেভেল-২ কম্পিটেন্ট শিক্ষার্থী লেভেল-৩ অ্যাসেসমেন্টে অংশগ্রহন করতে পারবে।

## স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)

মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স কোর্স ( ৪ মাস মেয়াদী ৩৬০ ঘন্টা)

## প্রাতিষ্ঠানিক সুযোগ-সুবিধা:

- প্রতি মাসে বেতন মাত্র ১০ টাকা, উপবৃত্তি ৩৬০০/- (ছাত্রী-১০০%, ছাত্র-৭০%), শিল্প-সংযুক্তি প্রশিক্ষণ ভাতা ১২০০/- (১০০% শিক্ষার্থী)।
- একাডেমিক ও সহশিক্ষা কার্যক্রমে বিভিন্ন পুরস্কার ও সনদ প্রদান।
- মানন্নোয়নে বিশেষ মনিটরিং ও অনলাইন তথ্য সেবা প্রদান।
- দক্ষতা ভিত্তিক চাকুরী বাজার তথ্য ও চাকুরী প্রাপ্তিতে সহায়তা প্রদান।
- উপজেলা, জেলা ও জাতীয় পর্যায়ে স্কিল কম্পিটিশন এবং জব ফেয়ার আয়োজন।
- ডিজিটাল শিক্ষা উপকরনসহ দক্ষতা ভিত্তিক পরিবেশ নিশ্চিত করা।
- শিল্প সংযুক্তি, শিক্ষা সফর, ক্রীড়া ও সাংস্কৃতিক, অভিভাবক সমাবেশ নিশ্চিত করা।

## পাঠদান প্রক্রিয়া ও কাঠামো

ব্যবহারিক দক্ষতা প্রদানে মোট ক্লাশের ৮০ ভাগ ব্যবহারিক ক্লাশ করানো হয়। এ শিক্ষা ব্যবস্থায় সাধারণ শিক্ষা ধারাযর অন্তর্ভুক্ত বিষয়গুলোর সাথে জেএসসি (ভোকেশনাল), এসএসসি (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের সাথে রিলেটেড বিভিন্ন বিষয়ে দক্ষতা প্রদান করা হয়। বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো বিএনকিউএফ ও জাতীয় দক্ষতা উন্নয়ন-নীতিমালা ২০১১ এর জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো সমন্বয় করা হয়েছে। বিশ্বের বিভিন্ন দেশের জাতীয় যোগ্যতা-দক্ষতা কাঠামো সাথে সামঞ্জস্য রেখে দেশে বিদ্যমান বিভিন্ন স্তরের শিক্ষা প্রশিক্ষণ একটি সার্বজনীন যোগ্যতা কাঠামো সাথে অন্তর্ভুক্ত করা হয়েছে।



জাপানী নাগরিক কলেজ পরিদর্শন করেন



পরিচালক (ভোকেশনাল) কর্তৃক কলেজ পরিদর্শন

## নারীবান্ধব পরিবেশ:

- মেয়েদের নিরাপদ পরিবেশ নিশ্চিত করা, নারী উন্নয়নে প্রাতিষ্ঠানিক করনীয় নির্ধারণ এবং ১০০% বৃত্তি প্রাপ্তি নিশ্চিত করা।
- উদ্ভাবনী কর্মকান্ড, মেধাবী ও প্রতিভাময়ী নারীর সৃজনশীল ক্ষমতা বিকাশে উদ্যোক্তায় সহায়তা করা।
- নারীর সুস্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিত করায় উদ্যোগ গ্রহন।
- জীবনব্যাপী শিক্ষা, কারিগরি শিক্ষা এবং তথ্য প্রযুক্তিতে নারীকে অগ্রাধিকার প্রদান করা।
- সর্বক্ষেত্রে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা।

## ডিজিটাল সেবা

- অনলাইনে একাডেমিক সেবা ও পরামর্শ প্রদান।
- ভর্তি, রেজিস্ট্রেশন, ফরম পুরণ, বৃত্তি, ও উপবৃত্তি সেবা প্রদান।
- ডিজিটাল হাজিরা সেবা ও মোবাইল অ্যাপস।
- ডাইনামিক ওয়েবসাইট www.nganjtsc.gov.bd এ যোগাযোগ সুযোগ।

## প্রাতিষ্ঠানিক নিয়ম-শৃঙ্খলা

- শিক্ষার্থীকে প্রথম শিফটে সকাল ৮:০০ ঘটিকা এবং দ্বিতীয় শিফটে সকাল ১২:৩০ ঘটিকার মধ্যে স্কুলে উপস্থিত থাকতে হয়;
- শ্রেণী কার্যক্রম শুরু করার পূর্বে সমাবেশ, শিক্ষার্থীদের শৃঙ্খলা তদারকি, প্রেষণামূলক আলোচনা এবং অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে মতবিনিময় করা হয়;
- নিয়মিত শিক্ষা কার্যক্রম চালু থাকা অবস্থায় শিক্ষার্থীদের উপস্থিতি বাধ্যতামূলক। কোনো শিক্ষার্থী অনুপস্থিত থাকলে কারণ ব্যাখ্যাসহ অভিভাবকদের যোগাযোগ করতে হয়;
- স্কুল চলাকালে সকল শিক্ষার্থীর পরিচয় পত্র দৃশ্যমান রাখা বাধ্যতামূলক;
- অভিভাবক দিবসে অভিভাবকদের উপস্থিতি বাধ্যতামূলক;
- ক্লাস চলাকালে শিক্ষার্থীদের বাইরে বা বারান্দায় অথবা মাঠে যাওয়া সম্পূর্ণ নিষেধ;
- নিজস্ব ক্যান্টিন থেকে খাবার/নাস্তা খাওয়া বাঞ্ছনীয়;
- কর্তৃপক্ষের যেকোনো বৈধ নির্দেশ মানতে বাধ্য থাকা।




জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক আলোচনা সভায় উপস্থিত সম্মানিত জনাব মোঃ কামাল হোসেন সচিব, জনাব মোঃ মহাসিন অতিরিক্ত সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, জনাব ড. মোঃ ওমর ফারুক অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, জনাব মোঃ মোশাররফ হোসেন, পরিচালক (ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, জনাব মোঃ মঞ্জুরুল হাফিজ, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ উপস্থিত ছিলেন।

## ইউনিফর্ম/পোশাকের বর্ণনা:

**বালক: ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি**: শার্ট- আকাশী কালার হাফ/ফুল হাতা শার্ট (বাম পকেটের উপরে স্কুল ব্যাজ লাগাতে হবে) প্যান্ট: নেভি-ব্লু কালার ফুলপ্যান্ট, জুতো: ফিতা ছাড়া কালো কেডস, সাদা মোজা, পুলওভার: নেভি-ব্লু ফুল হাতা অথবা স্যান্ডো (শীতকালিন)।

**বালিকা: ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণি**: শার্ট- আকাশী কালার হাফ/ফুল হাতা শার্ট (বাম হাতের উপরের অংশে স্কুল ব্যাজ লাগাতে হবে) সালোয়ার: সাদা জুতো: ফিতা ছাড়া কালো কেডস, সাদা মোজা, পুলওভার: নেভি-ব্লু ফুল হাতা অথবা স্যান্ডো (শীতকালিন)। ক্রস বা ওড়না: সাদা কালার, বেল্ট: নেভি-ব্লু।

কলেজ শাখা: শার্ট-হেদার কালার (Heather) কলেজ ব্যাজ লাগাতে হবে। প্যান্ট-কালো কালার। সালোয়ার- সাদা, ক্রস বা ওড়না- সাদা কালার, কালো কেডস ও সাদা মোজা।

## আমাদের অঙ্গীকার:

একটিই লক্ষ্য হতে হবে দক্ষ। সর্বোপরি আপনার সন্তানকে মেধা-মননে- সৃজনে-আনন্দে একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে তোলাসহ দক্ষ, দূরদৃষ্টি সম্পন্ন এবং আধুনিকমনা নাগরিক হিসেবে গড়ে তোলাই আমাদের অঙ্গীকার। দেশে-বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত আমাদের মেধাবী ও অভিজ্ঞ শিক্ষকগণ চৌকস ও দেশপ্রেমিক প্রজন্ম গড়ে তুলতে বদ্ধপরিকর। আপনার সন্তানের বর্তমান ও ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায় এ প্রতিষ্ঠানটি গড়ে উঠুক একটি নির্ভরযোগ্য ও নিবেদিত প্রতিষ্ঠান হিসাবে।




**আমাদের অর্জন:** জেলা ও উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান-২০২২, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান-২০২২ ও শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক-২০২২ অর্জন।

## শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী পরিচিতি:

| ক্রম | শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের নাম | পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) |
|---|---|---|
| ১ | প্রকৌশলী মোঃ মাহবুব হায়দার | অধ্যক্ষ |
| ২ | জনাব নাসরিন আলম | চীফ ইন্সট্রাক্টর (আরটিভি) |
| ৩ | জনাব মোঃ হারুন অর রশিদ মিয়া | ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) |
| ৪ | জনাব জেবুন নাহার | ইন্সট্রাক্টর (নন-টেক) বাংলা |
| ৫ | জনাব শশাঙ্ক চক্রবর্তী | ইন্সট্রাক্টর (অটোমোবাইল) |
| ৬ | জনাব লিটন চন্দ্র সাহা | ইন্সট্রাক্টর (নন-টেক) রসায়ন |
| ৭ | জনাব মোঃ ফকরুল আমিন | ইন্সট্রাক্টর (নন-টেক) গণিত |
| ৮ | জনাব নাসরিন সুলতানা | ইন্সট্রাক্টর (আরটিভি) |
| ৯ | জনাব আঞ্জুমানারা বেগম | ইন্সট্রাক্টর (নন-টেক) বাংলা |
| ১০ | জনাব জোহরা বিনতে আবেদীন | ইন্সট্রাক্টর (নন-টেক) ইংরেজ |
| ১১ | জনাব মোঃ আবুল খায়ের সুমন | ইন্সট্রাক্টর (নন-টেক) রসায়ন |
| ১২ | জনাব মোহাঃ মাহমুদুল হাসান | ইন্সট্রাক্টর (নন-টেক) পদার্থ |
| ১৩ | জনাব শাহ আলম | ইন্সট্রাক্টর (নন-টেক) পদার্থ |
| ১৪ | জনাব মোছাঃ শারমিন নাহার | ইন্সট্রাক্টর (ইংরেজি) |
| ১৫ | জনাব মোঃ শফিকুল ইসলাম | জুনি. ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) |
| ১৬ | জনাব সাজেদা বেগম | জুনি. ইন্সট্রাক্টর (আরটিভি) |
| ১৭ | জনাব নাজনীন শাহানা | জুনি. ইন্সট্রাক্টর (আরএসি) |
| ১৮ | জনাব মোঃ শাহ্ আলম আবদুল্লাহ | জুনি. ইন্সট্রাক্টর (আরএসি) |
| ১৯ | জনাব মোঃ আলমগীর হোসেন | জুনি. ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) |
| ২০ | জনাব মোঃ মাসুদুর রহমান | সি. ট্রেড ইন্সট্রাক্টর (আরএসি) |
| ২১ | জনাব মোঃ মোবারক হোসেন | লাইব্রেরীয়ান |
| ২২ | জনাব মন্টি রানী দাস | ইউডিএ কাম একাউন্টেন্ট |
| ২৩ | জনাব মোঃ ফিরোজ ঢালী | সহকারী কাম স্টোর কিপার |
| ২৪ | জনাব মোঃ খায়রুল ইসলাম | ক্র্যাফট ইন্সট্রাক্টর (ল্যাব) |
| ২৫ | জনাব মোঃ আনোয়ার হোসেন ভূঁইয়া | ক্র্যাফট ইন্সট্রাক্টর (সপ) |
| ২৬ | জনাব মোঃ দাউদ খান | ক্যাশ সরকার |
| ২৭ | জনাব মোঃ শাহজাহান সিরাজ | ওয়ার্কসপ খালাশী (ওয়েল্ডিং) |
| ২৮ | জনাব মোঃ কামাল পাশা | অফিস সহায়ক |
| ২৯ | জনাব তানিয়া | অফিস সহায়ক |
| ৩০ | জনাব মোঃ আলমগীর হোসেন | অফিস সহায়ক |
| ৩১ | জনাব মিতু রানী মন্ডল | অফিস সহায়ক |
| ৩২ | জনাব সাথী আক্তার বর্ষা | অফিস সহায়ক |
| ৩৩ | জনাব মোঃ মনিরুজ্জামান | অফিস সহায়ক |
| ৩৪ | জনাব মোঃ মুন্না | অফিস সহায়ক |

## খন্ডকালীন শিক্ষক-কর্মচারীদের পরিচিতি

| ক্রম | কর্মকর্তা-কর্মচারীদের নাম | পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) |
|---|---|---|
| ১ | জনাব মোঃ রাসেল | খন্ডকালীন শিক্ষক (অটোমোবাইল) |
| ২ | জনাব আজমীর মেহেদী | খন্ডকালীন শিক্ষক (অটোমোবাইল) |
| ৩ | জনাব রত্না আক্তার | খন্ডকালীন শিক্ষক (আরএসি) |
| ৪ | জনাব নাহিদ সুলতানা | খন্ডকালীন শিক্ষক (আরটিভি) |
| ৫ | জনাব মিনারা আক্তার | খন্ডকালীন শিক্ষক (ইংরেজি) |
| ৬ | জনাব আবু ইউসুফ | খন্ডকালীন শিক্ষক (ধর্ম ও কৃষি) |
| ৭ | জনাব মোঃ তরিকুল ইসলাম | খন্ডকালীন (বাগানকর্মী) |
| ৮ | জনাব লিপি আক্তার | খন্ডকালীন (পরিচ্ছন্নতাকর্মী) |

## বেসিক কোর্সের শিক্ষক-স্টাফ পরিচিতি:

| ক্রম | কর্মকর্তা-কর্মচারীদের নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ মাওলানা আব্দুর রহিম | অতিথি প্রশিক্ষক (আরবি) |
| ২ | জনাব মিনারা আক্তার | অতিথি ভাষা প্রশিক্ষক (ইংরেজি) |
| ৩ | জনাব মোঃ জিয়াউল হক | অতিথি ড্রাইভিং প্রশিক্ষক |
| ৪ | জনাব মোঃ মোবারক হোসেন | সহকারি অতিথি ড্রাইভিং প্রশিক্ষক |

৬ষ্ঠ, ৭ম ও ৮ম শেণিতে ভর্তির জন্য আবেদন ফরম এর মূল্য ১০০/-
নবম ও একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন ফরম এর মূল্য ১২০/-

## ভর্তি সংক্রান্ত সময়সূচী:

৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণিতে প্রতিবছর নভেম্বর-ডিসেম্বর মাসে এবং একাদশ শ্রেণিতে এপ্রিল-জুন মাসে ভর্তি করা হয়ে থাকে। অনেক ক্ষেত্রে এর ব্যতিক্রম ঘটতে পারে।



প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের সাথে জেলা একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসের কর্মকর্তাবৃন্দ।




নারায়ণগঞ্জ জেলা পর্যায়ে শ্রেষ্ঠ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান-২০২২



ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ কর্পোরেট শাখা, চাষাড়া এর সাথে চুক্তি স্বাক্ষর



অভিভাবক সমাবেশ ও বার্ষিক ক্রীড়া পুরস্কার বিতরণ অনুষ্ঠান-২০২২



বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও অভিভাবক সমাবেশ-২০২২

**যোগাযোগ: ফোন নম্বর ০২-৭৬৩৪৬৩৯**